

## ফতওয়া নং ২৯৭

### প্রশ্ন:

আমাদের মসজিদে এক কাতারে **15/16** জন করে নামাজ পড়তে পারে। সমস্যা হল কিছু বয়স্ক মানুষ তারা বসে নামাজ পড়ে। তারা **4/5** জন যদি পাশাপাশি বসে, দেখা যায় ইমামের একটা সাইটে প্রায় ওই অবস্থা, দেখতে ও খারাপ লাগে, এই পরিস্থিতিতে দেখা যায় পিছনে আরো **1/2** কতার মানুষ নামাজ পড়ে, ওই মাজুর মুসল্লি দের কে কি পিছনে বসা ভালো, নাকি ওই ভাবেই বসবে ?

### উত্তর:

বসে নামায আদায়কারী ব্যক্তিদের জন্য যেকোনো সারিতে নামায পড়া জাইয হলেও তাদের জন্য উত্তম হল, কোন সারির প্রান্তে বা পিছনের সারিতে বসে নামায পড়া। ওষরের কারণে প্রথম সারি ছেড়ে দিলে ইনশাআল্লাহ প্রথম সারির ছাওয়াব মিলে যাবে; বরং তার চেয়ে বেশি মিলবে।

ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন: আল্লাহর রসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: যে ব্যক্তি কারো ক্ষতির ভয়ে প্রথম কাতার ছেড়ে চলে যায়, আল্লাহ তাকে প্রথম কাতারের দ্বিগুণ সওয়াব দান করেন। (আল মুজামুল আওসাত ১/১৬৫)

আর সুস্থ মানুষেরা আগেভাগে মসজিদে এসে সামনের সারিতে চলে আসলে, প্রশ্নোক্ত পরিস্থিতি তৈরি হবে না।

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী

ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।

০৪ রমাযান, ১৪৪৫ হিজরী (15/03/2024)